আফরোজা আখতার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা কর্তৃক ০৯/০৮/২০২১ খ্রি: তারিখে পাবনা জেলার সুজানগর উপজেলাধীন দুলাই ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন প্রতিবেদন।

পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী ০৯/০৮/২০২১ খ্রি: তারিখ পাবনা জেলার সুজানগর উপজেলাধীন দুলাই ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সহকারী কমিশনার (ভূমি) (অঃদাঃ), সুজানগর, পাবনা এবং ইউনিয়ন ভূমি অফিসের সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে সমসাময়িক বিষয়সমূহ, গুরুত্বপূর্ণ রেজিস্টার, নথি, কেস নথি ও অন্যান্য বিষয়াদি দেখা হয়। ভূমি ব্যবস্থাপনা বিষয়েও কর্মকর্তা এবং কর্মচারীদের পরামর্শ প্রদান করা হয়।

ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা জনাব মো: এবাদুর রশিদ ১১/০৩/২০১৯ খ্রি: তারিখ হতে এ কার্যালয়ে কর্মরত আছেন। ০.৫৩ একর জমির উপর নিজস্ব সেমিপাকা ভবনে অফিস কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ অফিসের কোন সীমানা প্রাচীর নেই। মোট পদের সংখ্যা ০৪ জন, কর্মরত ০৩ জন। কর্মচারীদের মধ্যে দায়িত্ব বন্টন করা আছে এবং সে মতে কাজ করছে।

<u>রেজিস্টারসমূহ:</u>

০১. <u>১ নং রেজিস্টার (আর ও আর বহি) :</u>

রেজিস্টারটি সঠিকভাবে ব্যবহার করা হচ্ছে। কর্মকর্তার প্রত্যয়ন করা আছে। মোট বহি আর এস- ৩৪ টি, ভাল ২৭ টি, ছেড়া- ০৭ টি। মোট মৌজা- ১১ টি। মৌজা ম্যাপ সংখ্যা- ১১ টি। মৌজা ম্যাপ নেই এরুপ সংখ্যা - ০৬ টি। ছেড়া আর ও আর বইগুলো যথাযথভাবে সংরক্ষণ এবং নামজারী আদেশ সঠিকভাবে সংশোধন করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

০২. <u>মুভমেন্ট রেজিস্টার:</u>

রেজিস্টারটি সঠিকভাবে ব্যবহৃত হচ্ছে। চলতিমাসে অনুমোদিত অফিসিয়াল ভ্রমণ- ০২ দিন। কৃষি খাসজমি/ অর্পিত সম্পত্তি/অন্যান্য সরকারী সম্পত্তি পরিদর্শন: ০১ দিন। নিয়মিত সরকারী কৃষি-অকৃষি খাসজমি, অর্পিত সম্পত্তি, অন্যান্য সরকারী সম্পত্তি পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৩. <u>২ নং রেজিস্টার (তলববাকী রেজিস্টার):</u>

রেজিস্টারটিতে কর্মকর্তার প্রত্যয়ন করা আছে। সঠিকভাবে দাবি টানা হচ্ছে না। রাইশিমুল মৌজার ২৮ নং হোল্ডিং এর মালিক মো: আকুল সরদারের জমির পরিমান ১.০৯ একর হওয়া সত্বেও দাবি টানা হয়েছে। তেবিলা মৌজার ২৮ নং হোল্ডিং এর মালিক মো: আব্দুর রহিম প্রাং এর নাম রিটার্ণ-৩ তে তালিকাভূক্ত করা হয়েছে। মৃত ব্যক্তির নামে দাখিলা দেওয়া হচ্ছে মর্মে দেখা যায়।

০৪. <u>৩, ৪, ৫ নং রেজিস্টার (দৈনন্দিন আদায়/ক্যাশ/ট্রেজারি পাশ বহি) :</u>

দৈনন্দিন আদায় রেজিস্টারটি সঠিকভাবে ব্যাবহার করা হচ্ছে। উল্লেখিত রেজিস্টার পরীক্ষান্তে দেখা যায় যে আংশিক দাখিলা দেয়া হয়েছে। আদায়কৃত টাকা সময়মত ব্যাংকে জমা প্রদান করা হচ্ছে।

০৫. <u>৬ নং রেজিস্টার (সায়রাত রেজিস্টার):</u>

মোট হাট বাজারের সংখ্যা -০৩ টি। পেরিফেরিভুক্ত -০২ টি । পেরিফেরি ব্যতিত-০১ টি। জলমহাল ২০ একরের নিম্নে ০৭ টি এবং উর্দ্ধে কোন জলমহাল নেই। পেরিফেরিভূক্ত হাটটি ইজারা দেওয়া হয়েছে মর্মে দেখা যায়।

৬. <u>৮ নং রেজিস্টার (খাস জমি রেজিস্টার):</u>

রেজিস্টারটি নির্ধারিত ছক মোতাবেক ব্যবহৃত হচ্ছে। ০৪ টি খন্ডই সঠিকভাবে আছে। তথ্য হাল করা হয়েছে। ১ম খন্ডে জমির পরিমান- ২২৬.৫২ একর, ২য় খন্ডে- ৫৯.৪২ একর, ৩য় ও ৪র্থ খন্ডে কোন জমি নাই। খাস জমি নিয়মিত পরিদর্শন করার জন্য বিশেষভাবে পরামর্শ প্রদান করা হয়।

০৭. <u>১২ নং রেজিস্টার (খাসজমি বন্দোবস্ত রেজিস্টার):</u>

নির্ধারিত ছকে রেজিস্টারটি ব্যবহার করা হচ্ছে। এ পর্যন্ত কৃষি খাসজমি বরাদ্দ প্রদান করা হয়েছে ৪২.২৩ একর । এ পর্যন্ত কোন অকৃষি খাসজমি বরাদ্দ প্রদান করা হয়নি।

০৮. **১৭ নং রেজিস্টার (চালান রেজিস্টার):**

সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে। এবং রেজিস্টারটিতে নিয়মিত তথ্য লিপিবদ্ধ করা হচ্ছে দৃষ্টে দেখা যায়।

০৯. **২৬ নং রেজিস্টার (পরিদর্শন রেজিস্টার):**

নির্ধারিত ছকে ব্যবহৃত হচ্ছে। পরিদর্শনের নির্দেশনা এবং গৃহিত ব্যবস্থা সঠিকভাবে লিপিবদ্ধ করা হচ্ছে। এ ইউনিয়ন ভূমি অফিসটি গত ২২/১০/২০২০ খ্রি: তারিখে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা জনাব মো: মোখলেছুর রহমান পরিদর্শন করেছেন। পূর্ববর্তী পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য বিশেষ নির্দেশনা দেওয়া হলো।

১০. **দেওয়ানী মামলা রেজিস্টার:**

সকল ঘর সঠিকভাবে পূরণ করা হচ্ছে। গত মাসে কোন এস.এফ. প্রেরণ করা হয়নি। এ পর্যন্ত এস.এফ. প্রেরণের জন্য কোন পেন্ডিং মামলা নেই।

১১. **ভূমি উন্নয়ন করের দাবী এবং আদায়:**

ক) গত অর্থবছরের দাবী-সাধারণ: ৭,১৫,৬৪৫/- টাকা, সংস্থা: ৩৫,০৬৮/- টাকা।
খ) বর্তমান বছরের দাবী- সাধারণ: দাবী নির্ধারণের কাজ চলমান রয়েছে।
গ) এ পর্যন্ত আদায় সাধারণ: ২৮,৫৬০/- টাকা।
ঘ) ২৫ বিঘার উর্দ্ধের জোত সংখ্যা- ৪৭৫ টি এবং ২৫ বিঘার নিম্নের জোত সংখ্যা- ১১৫২৭ টি।
ঙ) ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন কর নির্ধারণে সহকারী কমিশনার (ভূমি) এর অনুমোদন গ্রহণ করা হচ্ছে।
চ) ভূমি উন্নয়ন কর অনাদায়ের কারণে তামাদি থাকলে ব্যবস্থা গস্থহণ করা হচ্ছে।

১২. **অনলাইন হোল্ডিং এন্ট্রির তথ্য:**

ক) ডাটা ইন্ট্রিকৃত হোল্ডিং এরা সংখ্যা- ২,৫০৮ টি।
খ) ইউ.এল.এ.ও. কর্তৃক অনুমোদিত হোল্ডিং- ৩৩ টি
গ) অনুমোদনের অপেক্ষায়- ২,৪৭৫ টি
এন্ট্রিকৃত হোল্ডিং দ্রুত সঠিকভাবে অনুমোদনের উদ্যোগ নিতে হবে।

১৩. **৯ নং রেজিস্টার (সার্টিফিকেট কেস রেজিস্টার):**

রেজিস্টারটি নির্ধারিত ছকে ব্যবহৃত হচ্ছে। গত বছরের বকেয়া সাধারণ দাবীর জন্য মামলা দায়ের করা হয়নি। বর্তমানে কোন সার্টিফিকেট কেস পেন্ডিং নেই।

১৪. **রেজিস্টার ৯৪:**

এ পর্যন্ত প্রাপ্ত দাখিলা বই এর সংখ্যা- ০২ টি। ব্যবহৃত হয়েছে মোট- ০১ টি ( আংশিক ব্যবহৃত হয়েছে)। অন্য একটি অব্যবহৃত রয়েছে।

১৫. **আসবাবপত্র রেজিস্টার:**

আসবাবপত্র রেজিস্টারটি সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে। অফিস পরিচালনার জন্য কোন আসবাবপত্রের প্রয়োজন নাই।

১৬. **পত্র প্রাপ্তি রেজিস্টার:**

রেজিস্টারটির সকল কলাম সঠিকভাবে পূরণ করা হচ্ছে। ০১/০১/২০২১ খ্রি: তারিখ হতে ২৪/০৬/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত প্রাপ্ত পত্রের সংখ্যা: ৪৩ টি।

১৭. **পত্রজারি রেজিস্টার:**

রেজিস্টারটি সঠিকভাবে ব্যবহার করা হচ্ছে। ০১/০১/২০২১ খ্রি: তারিখ হতে ২৪/০৬/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত প্রেরিত পত্রের সংখ্যা- ১১৮ টি। পেন্ডিং পত্রের সংখ্যা ১০ টি।

১৮. **২৫ বিঘার উর্দ্ধের হোল্ডিং বিশ্লেষণ:**

২৫ বিঘার উর্দ্ধের হোল্ডিং তালিকা বিশ্লেষণে দেখা যায় যে, তেবিলা মৌজার ২৮ নং হোল্ডিং এর মালিক মো: আ: রহিম প্রাং এবং বামুন্দি মৌজার ০৫ নং হোল্ডিং এর মালিক মো: আব্দুস সোবহানের নামে ০৩ নং রিটার্ণ তৈরি করা হয়েছে। হোল্ডিং দুটিতে জমির পরিমান যথাযথভাবে লিপিবদ্ধ করা নেই। উক্ত হোল্ডিং দুটির বিস্তারিত প্রতিবেদন ০৭ কর্মদিবসের মধ্যে সহকারী কমিশনার (ভূমি) এর মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।

১৯. **দাখিলা বিশ্লেষণ:**

রাইশিমুল মৌজার ৪৯৯ নং হোল্ডিং এর মালিক মৃত ছালেহা খাতুনের নামে শাহজাহান মহুরীর মাধ্যমে আংশিক দাখিলা প্রদান করা হয়েছে। এটি বিধি বহির্ভূত। সংশ্লিষ্ট হোল্ডিং এর মালিক ছাড়া অন্য কাউকে দাখিলা না দেওয়ার জন্য কঠোর নির্দেশনা দেওয়া হলো।

২০. **পরামর্শ:**

ক) অনলাইন হোল্ডিং এন্ট্রিতে অনুমোদন মাত্র ৩৩ টি। অনলাইন হোল্ডিং এন্ট্রি ত্বরান্বীত করতে হবে।

খ) খাস জমি নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন করতে হবে।

গ) সায়রাত রেজিস্টার হালনাগাদ করতে হবে।

ঘ) রেজিস্টার- ২ এর সাথে মিলিয়ে দেখা যায় মৃত ব্যক্তির নামে দাখিলা দেওয়া হয়েছে এবং মহুরির মাধ্যমে দাখিলা দেওয়া হয়েছে। যা সম্পূর্ণ আইন বহির্ভূত। বিধি মোতাবেক দাখিলা প্রদান করতে হবে।

ঙ) সঠিকভাবে দাবি টানা দ্রুত শেষ করতে হবে।

(স্বাক্ষরিত)
আফরোজা আখতার
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
গোপনীয় শাখা (রাজস্ব)
**www.pabna.gov.bd**

স্মারক নং:- ০৫.৪৩.৭৬০০.০০৪.২৩.০০৫.২১.৪২ তারিখ: ১৮/০৮/২০২১ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, পাবনা ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

৫। উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা ।
৬। সহকারি কমিশনার (ভূমি), সুজানগর, পাবনা।
৭। ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা, দুলাই, সুজানগর, পাবনা।
৭। অফিস কপি ।

১৮/০৮/২০২১

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
পাবনা